গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৭১.০১৩.০৯.১৭(খন্ড-১)-৩৮২

তারিখ : ০৫ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ / ২১ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ

**বিষয়: "জাতীয় বহুখাতভিত্তিক অসংক্রামক রোগ (নিয়ন্ত্রণ) সমন্বয় কমিটি [National Multisectoral NCD (Control) Coordination Committee-NMNCC]" এর ২য় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে বিগত ০৪ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত "জাতীয় বহুখাতভিত্তিক অসংক্রামক রোগ (নিয়ন্ত্রণ) সমন্বয় কমিটি [National Multisectoral NCD (Control) Coordination Committee-NMNCC]-এর ২য় সভার কার্যবিবরণী কার্যার্থে এতদ্‌সঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তি: NMNCC-এর ২য় সভার কার্যবিবরণী-০৭ (সাত) পাতা

স্বাক্ষরিত/=
ড. গোলাম মোঃ ফারুক
উপসচিব
ফোন: ৯৫১৫৫৩১
ph2@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়):

১. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন গণভবন, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৮. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য সচিব, NMNCC
২৫. অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৬. মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই), তেজগাঁও, ঢাকা
২৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৮. অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৯. Country Representative, WHO/UNICEF/FAO
৩০. লাইন ডাইরেক্টর, এনসিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩১. ডা: রিয়াদ মাহমুদ, পাবলিক হেলথ এক্সপার্ট, DFID TA Support Project to MOH&FW/MSH- পর্যবেক্ষক সদস্য
৩২. বেগম নাজিশ আরমান, কনটেন্ট স্পেশালিষ্ট, সূচনা ফাউন্ডেশন- পর্যবেক্ষক সদস্য
৩৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৭১.০১৩.০৯.১৭(খন্ড-১)-৩৮২

তারিখ : ০৫ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ / ২১ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ

সদয় অবগতির জন্য :

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. অফিস কপি।

০৫.০৮.২০১৯

ড. গোলাম মোঃ ফারুক
উপসচিব
ফোন: ৯৫১৫৫৩১
ph2@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-২ অধিশাখা
www.hsd.gov.bd

**'জাতীয় বহুখাতভিত্তিক অসংক্রামক রোগ (নিয়ন্ত্রণ) সমন্বয় কমিটি'**
[National Multisectoral NCD (Control) Coordination Committee-NMNCC]

## ২য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জাহিদ মালেক, এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| সদস্য সচিব | : মোঃ আসাদুল ইসলাম, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| তারিখ | : ৪ঠা জুলাই ২০১৯ |
| স্থান | : সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

১. সভার প্রারম্ভে সভাপতি জনাব জাহিদ মালেক, এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় উপস্থিত সকলকে সম্ভাষণ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তাঁর সূচনা বক্তব্যে উল্লেখ করেন যে, বাংলাদেশ স্বাস্থ্য খাতে অনেক উন্নতি লাভ করেছে। স্বাস্থ্যসেবার উন্নতি টারশিয়ারি লেভেল পর্যন্ত ব্যাপ্তিলাভ করেছে। উন্নত চিকিৎসা যেমন- হৃদযন্ত্রের বাইপাস অপারেশন, কিডনি প্রতিস্থাপন ইত্যাদির মত বিশেষায়িত সেবা গ্রহনের জন্য বিদেশে গমন হ্রাস পেয়েছে।

২. তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বের ফলে মাতৃ ও শিশু মৃত্যুহার হ্রাস, পোলিও নির্মূল, কলেরায় মৃত্যুহার হ্রাস, কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেয়া প্রভৃতি দেশের স্বাস্থ্য খাতে উল্লেখযোগ্য অর্জনের পাশাপাশি দেশে ও বিদেশে সুনাম কুড়িয়েছে। সারা বিশ্ব জুড়ে এখন অসংক্রামক রোগ ক্রমবর্ধমানহারে বেড়েই চলছে, এর ফলে দারিদ্র্যতাও বাড়ছে। যেখানে সরকার দারিদ্র্যতা হ্রাস করতে প্রতিজ্ঞাবদ্ধ সেখানে বিপর্যয়কর স্বাস্থ্য ব্যয়ের জন্য দারিদ্র্যতা বেড়ে যাওয়াটা অবশ্যই চিন্তার বিষয়। অসংক্রামক রোগ বৃদ্ধির কারণগুলো যেমন তামাক, অস্বাস্থ্যকর খাদ্যভ্যাস, অপ্রতুল কায়িক শ্রম, সড়ক দূর্ঘটনা, সর্পদংশন, পানিতে ডোবা, বায়ূ দূষণ, নারী ও শিশুর প্রতি সহিংসতা- নির্যাতন ও ধর্ষণ, বার্ন বা পোড়া (গরম পানি, আগুনে পোড়া, বজ্রপাত, বৈদ্যুতিক দূর্ঘটনা ইত্যাদি), পশু ও মানবদেহে অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যাবহারের ফলে সৃষ্ট অ্যান্টিবায়োটিক রেজিস্টেন্স, আমদানীকৃত ঔষধ ও খাদ্যদ্রব্যের মান নিয়ন্ত্রণ, বার্ধক্যকালীন যত্ন, প্যালিয়েটিভ কেয়ার এগুলোর ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করতে হবে। স্নায়ুবিক বিকাশ ও মানসিক স্বাস্থ্যকেও সমান গুরুত্ব দিতে হবে, অটিজমের মত অবহেলিত বিষয়গুলিতে দৃষ্টিপাত করতে হবে। মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার মাধ্যমে শক্ত হাতে মাদক নিয়ন্ত্রণ করতে হবে।

৩. তিনি এসব বিষয়ে সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে বলেন যে, মসজিদের ইমাম, চেয়ারম্যান, সংসদ সদস্য, শিক্ষক, স্থানীয় নেতৃবৃন্দকে সম্পৃক্ত করতে হবে। পৃথিবী জুড়ে অসংক্রামক রোগ একটা বড় চিন্তার কারণ। সেজন্য একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা থাকা বাঞ্ছনীয়। স্বাস্থ্য মন্ত্রণালয়ের পাশাপাশি অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরেরও অংশগ্রহণ প্রয়োজন। বাংলাদেশ এমডিজি লক্ষ্যমাত্রাগুলো অর্জন করেছে এবং এসডিজি অর্জনেও বদ্ধপরিকর। সেই লক্ষ্যে এই কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন অত্যন্ত জরুরি বলে তিনি উল্লেখ করেন।

৪. তিনি সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এবং সদস্য-সচিব, NMNCC জনাব আসাদুল ইসলাম-কে আলোচ্যসূচি অনুসারে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সদস্য-সচিব বলেন যে এই বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনার পরিধি অনেক ব্যাপক। তাই এর বাস্তবায়নে বৃহত্তর পরিসরে কার্যক্রম গ্রহন করা প্রয়োজন। 'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে জাতীয় বহুখাতভিত্তিক সমন্বয় কমিটি'র ২য় সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনার পাশাপাশি মাননীয় সভাপতির নেতৃত্বে সেগুলি বাস্তবায়নের জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণের উপর আলোচনা করা যেতে পারে।

৫. এরপর 'বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণের পটভূমি, বর্তমান কার্যক্রমের অগ্রগতি ও সভার এজেন্ডাসমূহ' এবং 'টেকসই উন্নয়নে মানসিক স্বাস্থ্যের গুরুত্ব ও মানসিক স্বাস্থ্য সেবার বহুখাতভিত্তিকতা'র উপর পরপর দুটি পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করা হয়।

৬. এ পর্যায়ে সভার আলোচ্যসূচির উপরে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত সদস্যগণের প্রায় সবাই আলোচনায় অংশগ্রহণ করেন।

৭. আলোচনা শেষে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| আলোচ্য বিষয়- ১ : বাংলাদেশে অসংক্রামক রোগ (NCD) প্রতিরোধ ও নিয়ন্ত্রণকল্পে বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনায় উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রাধিকার কার্যক্রম। | ১.১। 'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা' এর আলোকে প্রতিটি স্টেকহোল্ডার মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রাসূচক অনুযায়ী নিজস্ব বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনা প্রস্তুতকরণ এবং প্রয়োজনীয় বাজেট বরাদ্দকরণ। | ১.১। 'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা'য় বর্ণিত লক্ষ্যমাত্রা সূচকসমূহ অর্জনের লক্ষ্যে প্রতিটি স্টেকহোল্ডার মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থা নিজস্ব বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ করবে। এক্ষেত্রে লক্ষ্যমাত্রার কতটুকু এক কার্যবর্ষে সম্পন্ন করা হবে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা নির্ধারণ করবে।<br>স্টেকহোল্ডার মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের চলমান যেসকল কার্যক্রম 'বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা'র লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্যপূর্ণ এবং যা ইতিমধ্যেই সম্পন্ন হয়ে গেছে বা সম্পন্ন হওয়ার প্রক্রিয়াধীন আছে এমন কর্মসূচির প্রতিবেদন ছক আকারে NMNCC Secretariat এ প্রেরন করতে হবে। | ১. সকল স্টেকহোল্ডার মন্ত্রণালয় ও অধিদপ্তর<br>২. NMNCC Secretariat |
| | ১.২। 'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা'-য় বিশ্ব স্বাস্থ্য সংস্থার 'মানসিক স্বাস্থ্য বিষয়ক বৈশ্বিক কর্মপরিকল্পনা ২০১৩-২০২০' ও 'খসড়া জাতীয় মানসিক স্বাস্থ্য নীতি'র আলোকে মানসিক স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম অন্তর্ভুক্তিকরণ। | ১.২। 'অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রনের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা'-য় মানসিক স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে। | ১.NMNCC Secretariat<br>২.এনসিডিসি<br>৩. বিশ্বস্বাস্থ্য সংস্থা |
| | ১.৩। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত কমিটির সদস্যদের অবহিতকরণ কর্মশালা আয়োজন। | ১.৩। গঠিত বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের কমিটির সাথে যোগাযোগ স্থাপন করে অগ্রগতি পরিস্থিতি জানতে হবে এবং চলতি বছরেই অবহিতকরণ কর্মশালা আয়োজন করতে হবে। | ১. NMNCC Secretariat<br>২. এনসিডিসি |
| | ১.৪। বিশ্ব স্বাস্থ্য সংস্থার কারিগরী/আর্থিক সহায়তায় কর্মপরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিবীক্ষণ ও প্রতিবেদন ছক প্রণয়ন। | ১.৪। আগামী ০১ (এক) মাসের মধ্যে বিশ্বস্বাস্থ্য সংস্থার কারিগরী সহায়তায় সহজ ও সামঞ্জস্যপূর্ণ পরিবীক্ষণ ও প্রতিবেদন ছক প্রণয়ন ও বিতরণের ব্যবস্থা করতে হবে। | ১. NMNCC Secretariat<br>২. এনসিডিসি<br>৩. বিশ্বস্বাস্থ্য সংস্থা |
| | ১.৫। বহুখাতভিত্তিক কার্যক্রমের সুষ্ঠু সমন্বয়ের স্বার্থে প্রত্যেক স্টেকহোল্ডার এজেন্সির পক্ষ থেকে মনোনীত ফোকাল পার্সনের নাম প্রেরণ। | ১.৫। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রত্যেক স্টেকহোল্ডার মন্ত্রণালয়/ বিভাগ /সংস্থা থেকে মনোনীত ফোকাল পার্সনের নাম NMNCC Secretariat (nmncc@ld.dghs.gov.bd) বরাবর হার্ডকপিসহ স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে। | ১. স্টেকহোল্ডার মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা<br>২. NMNCC Secretariat |

| | | | |
|---|---|---|---|
| আলোচ্য বিষয়- ২ : প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের পন্থা নিয়ে আলোচনা। | ২.১। জাতীয় পর্যায়ে MSAPএর Disseminationকর্মসূচির আয়োজন করা ও এর মাধ্যমে স্টেকহোল্ডারদের মধ্যে বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনার লক্ষ্য, উদ্দেশ্য (Whole of the government, whole of the society) ও বাস্তবায়ন পরিকল্পনার উপর আলোকপাত। | ২.১। সভাপতি মহোদয়ের সাথে আলোচনার মাধ্যমে সদস্য-সচিব মহোদয় দ্রুততম সময়ের মধ্যে জাতীয় পর্যায়ে একটি Dissemination কর্মসূচি আয়োজনের নির্দেশনা প্রদান করবেন। | ১. NMNCC<br>২. এনসিডিসি |
| | ২.২। আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সকল প্রকার প্রক্রিয়ার মাধ্যমে অংশীদারদের সমন্বয় দৃঢ়ীকরণ। | ২.২। অংশীদারদের ফোকাল পার্সনবৃন্দ লক্ষ্যমাত্রার কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সকল প্রকার প্রক্রিয়ার মাধ্যমে পারস্পরিক যোগাযোগ রক্ষা করবেন ও সমন্বয় করবেন। প্রয়োজনে নির্দিষ্ট এক বা একাধিক কাজের জন্য ছোট আকারে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার প্রতিনিধিদের নিয়ে সমন্বয় করতে হবে। | ১. সকল স্টেকহোল্ডার মন্ত্রণালয় |
| আলোচ্য বিষয়-৩ : NMNCC'র সচিবালয়ে প্রয়োজনীয় অর্থের সংস্থান ও দুইজন পূর্ণকালীন কর্মী নিয়োগ প্রদান। | ৩.১। NMNCC Secretariat এ পূর্ণকালীন কর্মী নিয়োগদান। | ৩.১। NMNCC Secretariat এর অন্তর্বর্তীকালীন কাজের জন্য অনতিবিলম্বে ৪জন পূর্ণকালীন কর্মী নিয়োগ/পদায়ন করা হবে।<br>বহুখাতভিত্তিক সমন্বয়ের কাজটি অনেক ব্যাপক বিধায় আগামী একমাসের মধ্যে বর্ধিত জনবলসহকারে একটি পূর্ণ কাঠামো প্রস্তাব করতে হবে। | ১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর |
| | ৩.২। NMNCC Secretariat এর কার্যক্রম পরিচালনার জন্য আসবাবপত্র ও ভৌত সুবিধাদী (Furniture, Logistics and Supplies) নিশ্চিতকরণ। | ৩.২। NMNCC Secretariat এর জন্য আসবাবপত্র ও ভৌত সুবিধাদী (Furniture, Logistics and Supplies) সরবরাহ করা হবে। সেজন্য এনসিডিসি অপারেশনাল প্ল্যানের ক্রয়পরিকল্পনার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। | ১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর |
| আলোচ্য বিষয়- ৪ : NMNCC এর সদস্য হিসেবে বেসরকারি স্টেকহোল্ডার প্রতিনিধির নাম/সংস্থার নাম চূড়ান্তকরণ। | ৪.১। প্রাথমিকভাবে প্রণয়নকৃত NMNCC সদস্যের তালিকায় নিম্নোক্ত স্টেকহোল্ডার/সংস্থার প্রতিনিধির নাম অন্তর্ভুক্তিকরণ-<br>• শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান – ২ জন<br>• ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠা– ১ জন<br>• সাংবাদিক ও গণমাধ্যম কর্মী সংগঠন/প্রতিষ্ঠান – ২জন<br>• এনজিও/আইএনজিও – ১জন | ৪.১। সদস্য-সচিব মহোদয় মাননীয় সভাপতির সাথে আলোচনাক্রমে প্রস্তাবিত সংস্থার প্রতিনিধি চূড়ান্ত করবেন ও পরবর্তীতে তা সদস্য তালিকায় অন্তর্ভুক্ত করা হবে। | ১. স্বাস্থ্য সেবা বিভাগ<br>২. NMNCC |
| | ৪.২। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (BFSA) এর প্রতিনিধিকে NMNCC এর সদস্য হিসেবে কো-অপশন। | ৪.২। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (BFSA)এর প্রতিনিধিকে NMNCCএর সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে। | ১. স্বাস্থ্য সেবা বিভাগ<br>২. NMNCC |

| | | | |
|---|---|---|---|
| আলোচ্য বিষয়- ৫ : বিবিধ | ৫.১। স্বাস্থ্যকর শহর প্রকল্প বাস্তবায়ন। | ৫.১। আগামী ০১ (এক) মাসের মধ্যে এনসিডিসি-র পক্ষ হতে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়-কে স্বাস্থ্যকর শহর বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করা হবে।<br>এ উদ্দেশ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার বিভাগের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে। স্বাস্থ্যকর শহর প্রতিষ্ঠার লক্ষ্যে বিশ্বস্বাস্থ্য সংস্থার গাইডলাইন অনুসরন করতে হবে। | ১. এনসিডিসি |
| | ৫.২। স্বাস্থ্যসহায়ক বিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ। | ৫.২। বিদ্যালয়ে সুস্বাস্থ্য সম্পর্কিত তথ্য প্রদান, স্বাস্থ্য বিষয়ক কর্মসূচি আরো বড় পরিসরে আয়োজন করার জন্য দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট বিভাগের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বিষয়ে চলমান কর্মসূচীগুলোর সাথে সমন্বয় সাধন করে স্বাস্থ্য সহায়ক বিদ্যালয় প্রতিষ্ঠার পদ্ধতি নির্দিষ্ট করতে হবে। | ১. স্বাস্থ্য অধিদপ্তর<br>২. শিক্ষা মন্ত্রণালয়<br>৩. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| | ৫.৩। তামাক নিয়ন্ত্রণের লক্ষ্যমাত্রা অর্জনে প্রস্তাবিত কর্মসূচি বাস্তবায়ন। | ৫.৩। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল বা এনটিসিসি এর সাথে সমন্বয়ের মাধ্যমে তামাক নিয়ন্ত্রণের লক্ষ্যমাত্রা অর্জনে প্রস্তাবিত কর্মসূচি বাস্তবায়ন করতে হবে ও এ লক্ষ্যে এনসিডিসি ওপি'র কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনায় অর্থের সংস্থান রাখতে হবে।<br>সভাপতি মহোদয় বিড়ি ও গুলের উপর ট্যাক্স আরোপ করার বিষয়ে আলোকপাত করে এ ব্যাপারে পদক্ষেপ নিতে নির্দেশনা প্রদান করেন। | ১. এনটিসিসি<br>২. এনসিডিসি |
| | ৫.৪। বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনায় বর্ণিত তথ্য মন্ত্রণালয়ের কার্যাবলীর প্রক্রিয়া সম্পর্কে আলোচনায় সংশ্লিষ্ট প্রতিনিধি গণমাধ্যমে প্রচারের জন্য কন্টেন্ট তৈরি করে দিতে বলেন। বেসরকারি টিভি চ্যানেল ও পত্রিকা তথ্য মন্ত্রণালয়ের সরাসরি নিয়ন্ত্রণাধীন নয় বিধায় সে সকল মিডিয়ায় প্রচারের বিষয়ে আলোচনা করা প্রয়োজন। | ৫.৪। তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে স্বাস্থ্য বার্তা প্রচারের জন্য প্রয়োজনীয় কন্টেন্ট তৈরি করার দায়িত্ব এনসিডিসির উপর ন্যাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। বেসরকারি টিভি চ্যানেল ও পত্রিকায় বার্তাগুলি প্রচারের জন্য আলোচনার মাধ্যমে সমাধান করতে বলা হয়। | ১. NMNCC<br>২. এনসিডিসি |
| | ৫.৫। কর্মপরিকল্পনাতে নিরাপদ খাদ্য বিষয়ক লক্ষ্যমাত্রাগুলোর প্রতি বিশেষ গুরুত্ব দেয়া, আমদানিকৃত খাদ্যের তালিকা চূড়ান্তকরনের প্রস্তাবনা এবং আমদানিকৃত ঔষধ ও খাদ্যের মান নিয়ন্ত্রন। | ৫.৫। কর্মপরিকল্পনাতে নিরাপদ খাদ্য বিষয়ক লক্ষ্যমাত্রার প্রতি বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জাতীয় রাজস্ব বোর্ড আমদানিকৃত খাদ্যের তালিকা হালনাগাদ করে NMNCC Secretariat এ প্রেরণ করবে।<br>এছাড়া আমদানিকৃত ঔষধ ও খাবারের মান নিয়ন্ত্রণকে প্রাধান্য দিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। | ১. এনসিডিসি<br>২. এনবিআর |

| | | | |
|---|---|---|---|
| | ৫.৬। সড়ক দুর্ঘটনা ও কলকারখানায় দুর্ঘটনা বিষয়ক লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্তিকরণ। | ৫.৬। সড়ক দুর্ঘটনা ও কলকারখানার দুর্ঘটনা বিষয়ক কার্যক্রম ও লক্ষ্যমাত্রা ইত্যাদি আরো বিশদভাবে কর্মপরিকল্পনার ছকে অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া এ আলোকে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের দৃষ্টি আকর্ষণ করে সারাদেশে 'ইমার্জেন্সি মেডিকেল টিম' গঠনের প্রস্তাব দেয়া হয়। এ প্রসঙ্গে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর জানান যে ইতিমধ্যে কক্সবাজারে পাইলট প্রকল্পের অধীনে এই কার্যক্রম চলমান আছে। পরবর্তীতে তা স্কেল আপ করা যেতে পারে। | ১. এনসিডিসি<br>২. NMNCC<br>৩. বিশ্ব স্বাস্থ্য সংস্থা |
| | ৫.৭। সর্প দংশন, পানিতে ডুবে মৃত্যু, পোড়া (আগুন, গরম পানি). বজ্রপাতে মৃত্যু, বৈদ্যুতিক দূর্ঘটনা ইত্যাদি প্রতিরোধে লক্ষ্যমাত্রা ও কর্মসূচি এই কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্তকরণ। | ৫.৭। সর্প দংশন, পানিতে ডুবে মৃত্যু, পোড়া (আগুন, গরম পানি), বজ্রপাতে মৃত্যু, বৈদ্যুতিক দূর্ঘটনা ইত্যাদি প্রতিরোধে লক্ষ্যমাত্রা ও কর্মসূচি এ কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এ লক্ষ্যে বিশেষজ্ঞ মতামত ও অংশীদারদের মধ্যে আলোচনা বা পরামর্শমূলক কর্মশালা আয়োজন করা যেতে পারে। | ১. এনসিডিসি<br>২. NMNCC<br>৩. বিশ্ব স্বাস্থ্য সংস্থা |
| | ৫.৮। নারী ও শিশুর প্রতি সহিংসতা, পারিবারিক সহিংসতা, নির্যাতন, ধর্ষণ ইত্যাদি প্রতিরোধে কর্মসূচি অন্তর্ভুক্তকরণ। | ৫.৮। নারী ও শিশুর প্রতি সহিংসতা, পারিবারিক সহিংসতা, নির্যাতন, ধর্ষণ ইত্যাদি প্রতিরোধে কর্মসূচি অন্তর্ভুক্ত করা যেতে পারে এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে পরামর্শক্রমে তা বাস্তবায়নের রূপরেখা প্রণয়ন করা যেতে পারে। | ১. এনসিডিসি<br>২. NMNCC<br>৩. বিশ্ব স্বাস্থ্য সংস্থা |
| | ৫.৯। অটিজম সচেতনতা ও মাদকদ্রব্য প্রতিরোধ ও সচেতনতা বিষয়ে বিশেষ কার্যক্রম সন্নিবেশন। | ৫.৯। অটিজম সচেতনতা ও মাদকদ্রব্য প্রতিরোধ ও সচেতনতা বিষয়ে বিশেষ কার্যক্রম কর্মপরিকল্পনায় সন্নিবেশ করা যেতে পারে। এ বিষয়ে জাতীয় মানসিক স্বাস্থ্য কৌশলপত্রের আলোকে সংশ্লিষ্ট অংশীদারদের নিযুক্ত করে কাজটি করা যেতে পারে। | ১. এনসিডিসি<br>২. NMNCC<br>৩. বিশ্ব স্বাস্থ্য সংস্থা |
| | ৫.১০। পারিপার্শ্বিক বায়ুদূষণ (Ambient air pollution) প্রতিরোধের লক্ষ্যমাত্রা সংযুক্তকরণ। | ৫.১০। গৃহাভ্যন্তরে বায়ু দূষণের কার্যক্রমে অধিক গুরুত্ব প্রদানের পাশাপাশি পারিপার্শ্বিক বায়ুদূষণ প্রতিরোধের লক্ষ্যমাত্রা সংযুক্তকরণ ও সে অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন। | ১. এনসিডিসি<br>২. NMNCC<br>৩. বিশ্ব স্বাস্থ্য সংস্থা |
| | ৫.১১। প্রাণিজ খাদ্য ও ঔষধের দ্বারা সৃষ্ট অ্যান্টিবায়োটিক রেজিস্টেন্স বিষয়ে কর্মসূচি অন্তর্ভুক্তকরণ। | ৫.১১। প্রাণিজ খাদ্য ও ঔষধের দ্বারা সৃষ্ট অ্যান্টিবায়োটিক রেজিস্টেন্স বিষয়ে কর্মসূচি অন্তর্ভুক্ত করতে আন্তঃবিভাগ এডভোকেসি সভা আয়োজন করা ও কর্মপরিকল্পনায় এর সন্নিবেশন ঘটানো, সিডিসি এর সাথে সমন্বয় করে নির্দেশিকা প্রণয়ন ইত্যাদি করা যেতে পারে। | ১. এনসিডিসি<br>২. NMNCC<br>৩. বিশ্ব স্বাস্থ্য সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| | ৫.১২। প্রবীণ স্বাস্থ্য, প্যালিয়েটিভ কেয়ার বা প্রশমন সেবা ইত্যাদি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্তকরণ। | ৫.১২। প্রবীণ স্বাস্থ্য সুরক্ষা ও প্যালিয়েটিভ কেয়ার বা প্রশমন সেবা ইত্যাদি বিষয়ক লক্ষ্যমাত্রা ও কর্মসূচি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্তকরণ ও তা বাস্তবায়নে অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচির সংশ্লিষ্ট কম্পোনেন্ট হতে বাজেট বরাদ্দকরণ (মেজর এনসিডি)। | ১. এনসিডিসি<br>২. NMNCC<br>৩. বিশ্ব স্বাস্থ্য সংস্থা |
| | ৫.১৩। NMNCC এর পরবর্তী সভার সম্ভাব্য তারিখ, স্থান ও অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতকরণ। | ৫.১৩। আলোচনার মাধ্যমে পরবর্তী সভার সম্ভাব্য স্থান ও তারিখ নির্দিষ্ট করা হবে। অগ্রগতি প্রতিবেদন তৈরি করে তা NMNCC এর সভাপতি ও সদস্য সচিব বরাবর প্রেরণ করতে হবে। | ১. NMNCC |

৮. আলোচনা শেষে সভার সভাপতি বলেন যে, এ কর্মপরিকল্পনাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় সকলের অংশগ্রহন একান্ত প্রয়োজন। এমনকি বিভিন্ন পর্যায়ে স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয় নেতৃত্ব সকলের সক্রিয় অংশগ্রহন প্রয়োজন বলেও তিনি মত প্রকাশ করেন। এ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকলের সর্বাত্বক প্রচেষ্টা থাকবে এ আশাবাদ ব্যক্ত করে তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জাহিদ মালেক, এমপি
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ও
সভাপতি, 'জাতীয় বহুখাতভিত্তিক অসংক্রামক রোগ (নিয়ন্ত্রণ) সমন্বয় কমিটি'

পরিশিষ্ট 'ক'

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়) :

১. শেখ ইউসুফ হারুন, ভারপ্রাপ্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. অধ্যাপক ডা: আবুল কালাম আজাদ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর
৩. পারভীন আক্তার, অতিরিক্ত সচিব, জনস্বাস্থ্য অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ,
৪. অধ্যাপক এ এইচ এম এনায়েত হোসেন, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর
৫. ডা: নূর মোহাম্মদ, লাইন ডাইরেক্টর, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি, স্বাস্থ্য অধিদপ্তর
৬. ডা: শওকত আলী সাদী, প্রথম সচিব, জাতীয় রাজস্ব বোর্ড
৭. মোঃ আব্দুস ছামাদ, যুগ্মসচিব, অর্থ বিভাগ
৮. আনোয়ার হোসেন চৌধুরী, যুগ্মসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৯. এস. এম. মাহফুজুল হক, যুগ্মসচিব, তথ্য মন্ত্রণালয়
১০. মুঃ মোহসিন চৌধুরী, যুগ্মসচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
১১. মোঃ সাজ্জাদুল বারী, পরিচালক (স্ট্যান্ডার্ডস), বিএসটিআই
১২. ফারজানা মমতাজ, যুগ্মসচিব, শিল্প মন্ত্রণালয়
১৩. কেয়া খান, যুগ্মসচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
১৪. মুনীরা সুলতানা, যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয়
১৫. মোঃ কামরুল হাসান ফেরদৌস, যুগ্ম সচিব, ভূমি মন্ত্রণালয়
১৬. সৈয়দ আলী রেজা, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৭. খালিদ পারভেজ খান, যুগ্ম সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
১৮. মুহম্মদ ইবরাহিম, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
১৯. মোছাঃ কামরুন্নাহার, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়
২০. ড. গোলাম মোঃ ফারুক, উপসচিব (জনস্বাস্থ্য-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২১. ডা: ফারজানা আরজুমান্দ, উপসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
২২. ডা: শিব্বির আহমেদ ওসমানী, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২৩. মোঃ হজুর আলী, উপপ্রধান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২৪. মোঃ শাখাওয়াত হোসেন, উপসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
২৫. মাসুদা খাতুন, উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২৬. মোঃ ওয়াহেদুর রহমান, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২৭. তানভীর আহমেদ, উপসচিব, জনস্বাস্থ্য- ১, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২৮. ডা: মোঃ রিজওয়ানুল করিম, প্রোগ্রাম ম্যানেজার-২, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি, স্বাস্থ্য অধিদপ্তর
২৯. ডা: হেলাল উদ্দিন আহমেদ, সহযোগী অধ্যাপক, জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট এবং হাসপাতাল
৩০. মোঃ শফিউল আলম, সিনিয়র সহকারী সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৩১. অধ্যাপক শাহ মনির হোসেন, প্রাক্তন মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর
৩২. ডা: সৈয়দ মাহফুজুল হক, ন্যাশনাল প্রোমোশন অফিসার, বিশ্ব স্বাস্থ্য সংস্থা
৩৩. ডা: মারুফ আহমেদ খান, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার-৩, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি, স্বাস্থ্য অধিদপ্তর
৩৪. ডা: মোঃ রাজীব আল আমীন, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার-৫, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি, স্বাস্থ্য অধিদপ্তর
৩৫. ডা: মোঃ শাহনেওয়াজ পারভেজ, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার-২, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি, স্বাস্থ্য অধিদপ্তর
৩৬. ডা: রওশন জাহান, মেডিকেল অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩৭. ডা: রিয়াদ মাহমুদ, কনসালটেন্ট, এনএমএইচএসপি